

CES Centre আয়োজিত নৈশভোজে বুশফায়ার ত্রান তহবিলের জন্য ৫০০০ ডলার সংগ্রহীত

কমিউনিটি এডুকেশন এন্ড সার্ভিসেস সেন্টার (CES Centre) সিডনির ইস্টার্ন সার্বাব নিবাসি বাংলাদেশী কমিউনিটি পরিচালিত একটি অরাজনেতিক, অলাভজনক সমাজসেবামূলক সংস্থা। সংস্থাটি দীর্ঘদিন যাবৎ সিডনি প্রবাসি বাংলাদেশী নতুন প্রজন্মের মধ্যে বাংলা ভাষা ও সংস্কৃতি এবং ধর্মীয় শিক্ষার পাশাপাশি বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার নানাবিধ সামাজিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সম্প্রতি



আমন্ত্রিত অতিথিবৃন্দের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখছেন ড: আব্দুল লতিফ সরকার

ভিট্টোরিয়ায় সংঘটিত বুশফায়ারে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে CES Centre সিডনির কয়েকজন সমাজসেবীর সহযোগিতায় তহবিল সংগ্রহের উদ্দেশ্যে গত ১লা মার্চ ২০০৯ এক নৈশভোজের আয়োজন করে। অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনার মান্যবর লে: জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন Cr George Glinatsis, Deputy Mayor, Botany Bay City Council। এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্যে Hon. Peter Garrett AM MP, Federal Minister for the Environment, Heritage and the Arts; The Hon. Kristina Keneally MP, NSW Minister for Planning; The Hon. Michael Daley MP, NSW Minister for Roads এবং Mr David Bitel, Immediate Past President of the Refugee Council of Australia তাঁদের বিশেষ ব্যস্ততার কারণে অনুষ্ঠানে উপস্থিত হতে না পারায় দুঃখ প্রকাশ করে অনুষ্ঠানের উদ্দেশ্যে লিখিত বক্তব্য প্রেরন করেন। নৈশভোজে সিডনির বিভিন্ন অঞ্চল থেকে প্রায় ৮০টি পরিবার অংশগ্রহণ করে তহবিলে অর্থ দান করে। অনুষ্ঠানের শুরুতে CES Centre এর সভাপতি ড: আব্দুল লতিফ সরকার উপস্থিত



সুধীবৃন্দের উদ্দেশ্য স্বাগত বক্তব্য রাখেন। CES Centre এর উপদেষ্টা প্রফেসর শেখ শহীদুর রহমান Victoria bushfire এর প্রেক্ষাপট তুলে ধরে তহবিল সংগ্রহে অতিথিবৃন্দের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথি উপস্থিত অংশগ্রহণকারী এবং

আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন। CES Centre এর অন্য উপদেষ্টা ড: সৈয়দ জামাল উদ্দিন অনুষ্ঠানে আগত অতিথিবন্দের ধন্যবাদ জ্ঞাপন করেন সাথে সাথে তহবিল সংগ্রহের যাবতীয় কর্মকাণ্ডে বিশেষভাবে সহযোগিতা করার জন্য সর্বজনাব আব্দুল হক, শাহজাহান পাটোয়ারী, রংগুল আহমেদ সওদাগর, মজিবর রহমান, মোহাম্মদ আলী, কামরুল চৌধুরী, প্রকৌশলী নাজমুল হোসেন প্রমুখ ব্যক্তিবর্গের প্রশংসা করেন। সবশেষে Victoria bushfire victim দের উদ্দেশ্য দাঢ়িয়ে এক মিনিট নীড়বতা পালন করা হয়। এছাড়াও সাম্প্রতিক সময়ে বাংলাদেশে বিডিআর সদরদপ্তরে সংঘটিত হত্যাকাণ্ডে নিহতদের উদ্দেশ্যে দোয়া পরিচালনা করেন কম্পুটেন্টির প্রবীন সদস্য ব্যারিষ্টার সালাউদ্দিন আহমেদ। অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন সৈয়দ আতিফ। অনুষ্ঠানে ৫০০০ (পাঁচ হাজার) ডলারের উর্ধ্বে সংগৃহীত হয়েছে। সংগৃহীত সমুদয় অর্থ Australian Red Cross এর মাধ্যমে শীঘ্ৰই প্রদান করা হবে।